



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ১৭/০৩/২০২০খ্রি:

প্রত্যেককে যার যার জায়গা থেকে দায়িত্ব পালন করে বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত করতে হবে -বরিশাল বিশ্ববিদ্যালয়ে সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ শুধুমাত্র ব্যানার, ফেস্টুন, আলোকসজ্জা ও কেক কাটার মতো আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে তাঁর আদর্শ ও চেতনা লালন করতে হবে এবং তা সকলের মধ্যে ছড়িয়ে দিতে হবে। এক্ষেত্রে আমরা যারা আছি আমাদের দায়িত্ব তরুণ প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত করা। কেননা তরুণরাই আগামী বাংলাদেশের নেতৃত্ব দেবে। তাদের হাত ধরেই আসবে পরিবর্তন। আমাদেরকে কোন ভাবেই দেশের প্রতি আমাদের যা দায়িত্ব তা ভুলে গেলে চলবে না। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালী জাতির জন্য যে আত্মত্যাগ করে গিয়েছেন তা কোন অবস্থাতেই বৃথা যেতে দেয়া যাবে না। তাই প্রত্যেককে যার যার জায়গা থেকে দায়িত্ব পালন করে বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ ও জাতীয় শিশু দিবস ২০২০ উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বরিশাল সিটি কর্পোরেশনের মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এ কথা বলেন। সকাল ১০.৩০টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক ড. মোঃ খোরশেদ আলম, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম সেরনিয়াবাত, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি নাদিম মল্লিক এবং গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক আইয়ুব আলী শরিফ। আলোচনা সভাটি সঞ্চালনা করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। আলোচনা সভার শুরুতে উপাচার্য মহোদয় অনুষ্ঠানের প্রধান অতিথিসহ অন্যান্যদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২০ উপলক্ষে কেক কাটেন। এরপূর্বে সকাল ১০ টায় স্বাধীন বাংলাদেশের স্বপ্নটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ মুজিববর্ষ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এসময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, চেয়ারম্যানবৃন্দ, পরিচালক, দপ্তর প্রধানগণ সহ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ হতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার এবং ছাত্রলীগ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পুষ্পস্তবক অর্পণ শেষে মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে উপাচার্য মহোদয় ক্যাম্পাসে আম ও কাঠালের চারা রোপনের মাধ্যমে বিভিন্ন প্রজাতির ১০০টি বৃক্ষের চারা রোপন কর্মসূচির উদ্বোধন করেন এবং ক্যাম্পাসে নতুন আঙ্গিকে পিএবিএক্স ও টেলিফোনি লাইনেরও উদ্বোধন করেন। এদিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের মসজিদে বিশেষ দোয়া ও মিলাদ অনুষ্ঠিত হয়। এছাড়াও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিকেলে বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল এবং শেখ হাসিনা হলে কেক কেটে বঙ্গবন্ধুর জন্মদিন পালন করা হয়। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মন্দিরে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস